গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এমপিও শাখা
এফ-৪ বি, আগারগাঁও, প্র/এ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১১.০০.০২৮.২২.১৬৫৮ তারিখ: ২২/১০/২০২৩ খ্রি.

**বিষয়: বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান / শিক্ষকগণের এমপিওভুক্তির আবেদনসহ বিভিন্ন ধরনের স্কেল (অধ্যক্ষ স্কেল/জ্যেষ্ঠ প্রভাষক স্কেল/টাইম স্কেল/ উচ্চতর স্কেল/ বিএড স্কেল) প্রাপ্তির আবেদন যাচাই করে কারিগরি শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন প্রসংগে।**

সূত্র : ১। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং ৫৭.০০.০০০০.০৫১.১৮.০০১.২৩.১৯৭ তারিখ : ১০.১০.২০২৩খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে সূত্রস্থ স্মারক মূলে ০১টি পরিপত্র পাওয়া যায়। উক্ত পরিপত্রে কারিগরি শিক্ষায় গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান / শিক্ষকগণের এমপিওভুক্তির আবেদনসহ বিভিন্ন ধরনের স্কেল (অধ্যক্ষ স্কেল/জ্যেষ্ঠ প্রভাষক স্কেল/টাইম স্কেল/ উচ্চতর স্কেল/ বিএড স্কেল) প্রাপ্তির আবেদন যাচাই বাছাই করে আঞ্চলিক পরিচালক এর মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন করার নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায় উক্ত পরিপত্রের নির্দেশনা অনুসরণ করে এখন হতে আঞ্চলিক পরিচালক এর মাধ্যমে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান / শিক্ষকগণের এমপিওভুক্তির আবেদনসহ বিভিন্ন ধরনের স্কেল (অধ্যক্ষ স্কেল/জ্যেষ্ঠ প্রভাষক স্কেল/টাইম স্কেল/ উচ্চতর স্কেল/ বিএড স্কেল) প্রাপ্তির আবেদন সংযুক্ত তালিকা (**চেক লিষ্ট (ক)** এবং **চেক লিষ্ট (খ)**) মোতাবেক প্রয়োজনীয় কাগজ পত্র ও তথ্যাদি সংযুক্ত আছে কিনা তা যথাযথভাবে যাচাই বাছাইপূর্বক কারিগরি শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ণ করার জন্য অনুরোধ করা হলো।

১। সংযুক্ত : **চেক লিষ্ট (ক)** এবং **চেক লিষ্ট (খ)।**

প্রাপক

১। প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ
বেসরকারি কারিগরি এমপিওভূক্ত শিক্ষা প্রতিষ্ঠান (সকল)।

২। আঞ্চলিক পরিচালক, কারিগরি শিক্ষা অধিদকপ্তর (সকল বিভাগ)।

স্বা/-
(এ, ওয়াই, এম, জিয়াউদ্দীন আল-মামুন)
পরিচালক(পিআইডব্লিউ)
ও
যুগ্মসচিব
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১১.০০.০২৮.২২.১৬৫৮ তারিখ: ২২/১০/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):
০১। উপসচিব (এমপিও), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক (সকল)।
০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
০৪। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান।

০৫। শিক্ষক-কর্মচারী, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান।
০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা. আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮। সংরক্ষণ নথি।

২২.১০.২০২৩

(বিমল কুমার মিশ্র)
সহকারী পরিচালক (শাখা-১১)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

**বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা -২০১৮ (২৩ নভেম্বর,২০২০ পর্যন্ত সংশোধিত) অনুসারে এমপিও প্রাপ্তির জন্য নিম্ন বর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণ করা হবে না। ক্রমিক অনুসারে কাগজপত্রাদি অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।**

**<u>প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা:</u>**

| ক্র. নং | **প্রয়োজনীয় কাগজপত্রাদি** | পাতা সংখ্যা | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ | আঞ্চলিক পরিচালক এর মতামতসহ অগ্রায়ন পত্র। | | |
| ২ | সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের মতামতসহ অগ্রায়ন পত্র। | | |
| ৩ | এমপিওভুক্তি সংক্রান্ত মূল আবেদন ফরম (পূরণকৃত)। | | |
| ৪ | শিক্ষক কর্মচারীদের এমপিওভুক্তির আবেদনের সংক্ষিপ্ত তথ্যের হার্ড ও সফট কপি (পূরণকৃত)। | | |
| ৫ | কমপক্ষে একটি জাতীয় দৈনিক ও একটি স্থানীয় দৈনিক পত্রিকায় প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির মূলকপি। | | |
| ৬ | **নিয়োগ সংক্রান্ত সকল রেজুলেশন।** | | |
| | ক) নিয়োগবাছাই কমিটি গঠন (প্রযোজ্য ক্ষেত্রে)। | | |
| | খ) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে)। | | |
| | গ) আবেদন বাছাই (প্রযোজ্য ক্ষেত্রে)। | | |
| | ঘ) বাকাশিবো কর্তৃক গঠিত নিয়োগ বাছাই কমিটির দ্বারা নিয়োগের সুপারিশের রেজুলেশন | | |
| | ঙ) নিয়োগ অনুমোদনের রেজুলেশন। | | |
| ৭ | নিয়োগ পরীক্ষার মূল ফলাফল শীট। ফটোকপি গ্রহণযোগ্য নয়। নিয়োগ কমিটির সকল সদস্যের স্বাক্ষর ও সীল থাকতে হবে। | | |
| ৮ | NTRCA কর্তৃক নিয়োগের ক্ষেত্রে গণবিজ্ঞপ্তিসহ নিয়োগ সংক্রান্ত সকল কাগজপত্র। | | |
| | ক) গণ বিজ্ঞপ্তি | | |
| | খ) ই-রিকুইজিশন | | |
| | গ) মেধা তালিকা | | |
| | ঘ) নিয়োগ কনফারমেশন পত্র | | |
| | ঙ) পদের ধরণ (এমপিও / নন এমপিও) | | |
| ৯ | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্র (প্রতিষ্ঠান প্রধানের ব্যক্তিগত উদ্যোগে সংশ্লিষ্ট বোর্ড / বিশ্ববিদ্যালয় কর্তৃক ভেরিফিকেশন সহ)। ভেরিফাইড সনদের ফটোকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে। | | |
| ১০ | নিয়োগপত্র। | | |
| ১১ | যোগদানপত্র। | | |
| ১২ | প্রতিষ্ঠানের ধরন সংক্রান্ত প্রত্যয়ন (সংযুক্ত হলে কোন স্তরের সাথে সংযুক্ত, প্রয়োজনে বাকাশিবোর প্রত্যয়ন সহ)। | | |
| ১৩ | বাকাশিবো কর্তৃক গঠিত নিয়োগ বাছাই কমিটির পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। | | |
| ১৪ | ডিজি'র প্রতিনিধি মনোনয়নপত্র। | | |
| ১৫ | প্রতিষ্ঠানের ১ম ও শেষ এমপিও কপি। | | |
| ১৬ | ইনডেক্সধারী শিক্ষক কর্মচারীর পূর্ববর্তী / প্রতিষ্ঠান সমূহের সংশ্লিষ্ট শিক্ষক কর্মচারীর ১ম ও শেষ এমপিও শীট। | | |
| ১৭ | নিবন্ধন সনদ পত্র (শিক্ষকের ক্ষেত্রে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ভেরিফিকেশন সহ। ভেরিফাইড সনদের ফটোকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে)। | | |
| ১৮ | নিয়োগকালীন ও হালনাগাদ ম্যানেজিং কমিটি অনুমোদন কপি (সংযুক্ত প্রতিষ্ঠান হলে বাকাশিবো প্রতিনিধি অনুমোদনসহ)। | | |

| | | | |
|---|---|---|---|
| ১৯ | জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি। | | |
| ২০ | ইনডেক্সধারীর বেলায় সর্বশেষ এমপিও উত্তোলনের ব্যাংক প্রত্যয়ণপত্র। | | |
| ২১ | ব্যাংক একাউন্ট খোলার প্রত্যয়ন পত্র। | | |
| ২২ | প্রতিষ্ঠানের ভোকেশনাল / বিএম/ কৃষি ডিপ্লোমা / মৎস্য ডিপ্লোমা শাখা খোলার এমপিওভুক্তির সরকারি আদেশ (জিও) ও সকল স্তরের শিক্ষক/কর্মচারীদের তালিকা (পৃথকভাবে)। | | |
| ২৩ | বাকাশিবো কর্তৃক ট্রেড/ স্পেশালাইজেশন / কোর্স খোলার অনুমতি পত্র ও স্বীকৃতি পত্র। | | |
| ২৪ | বাকাশিবো কর্তৃক ট্রেডে/ স্পেশালাইজেশন/কোর্স অ্যাফিলিয়েশন নবায়নের সর্বশেষ কপি। | | |
| ২৫ | তথ্য ছক (ফরম-১) পূরণ করতে হবে। | | |
| ২৬ | বিশ কলাম ছক (ফরম-২) পূরণ করতে হবে। | | |
| ২৭ | শিক্ষক-কর্মচারী নিয়োগের তথ্যাবলী (ফরম-৩) পূরণ করতে হবে। | | |
| ২৮ | বিষয় ভিত্তিক শিক্ষক-কর্মচারীদের নামের তালিকা (ফরম-৪) পূরণ করতে হবে (প্রতিষ্ঠান প্রধান ও সভাপতির প্রতিস্বাক্ষর সহ)। | | |
| ২৯ | নব নিযুক্ত শিক্ষক-কর্মচারীদের তথ্য (ফরম-৫) পূরণ করতে হবে। | | |
| ৩০ | শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য বিবরণী ছক (ফরম-৯) পূরণ করতে হবে। | | |
| ৩১ | প্রতিষ্ঠানের স্পেশালাইজেশন বিষয় ভিত্তিক ছাত্র-ছাত্রীর সংখ্যার তালিকা (ফরম-১০) পূরণ করতে হবে। (বাকাশিবো রেজিস্ট্রেশনের প্রমাণক) | | |
| ৩২ | বিগত ০৩ বৎসরের বোর্ড ফাইনাল পরীক্ষার ফলাফল। বাকাশিবো অনলাইন ফলাফলের প্রমাণক। | | |
| ৩৩ | মামলা নেই মর্মে প্রত্যয়ন পত্র। (প্রতিষ্ঠান/ম্যানেজিং কমিটি/ নিয়োগ সংক্রান্ত মামলা নেই মর্মে প্রত্যয়ন সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষরসহ) | | |

**প্রতিষ্ঠান প্রধানের স্বহস্তে লিখিত ৩০০/- টাকার ষ্ট্যাম্প নিম্নরূপ প্রত্যয়ন পত্র:**

আমি এই মর্মে প্রত্যয়ন করছি যে, এই আবেদনের সাথে সংযুক্ত সকল কাগজপত্র সঠিক আছে। কোন ভূয়া/ জাল/ অসত্য কাগজ সংযুক্ত করা হয় নাই। আবেদনকারীর সকল একাডেমিক সনদ/ প্রশিক্ষন সনদ/ নিবন্ধন সনদ নিম্নস্বাক্ষরকারী কর্তৃক **ব্যক্তিগতভাবে** বোর্ড / বিশ্ববিদ্যালয় / সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে যাচাইকৃত।

আরও প্রত্যয়ন করছি যে, আবেদনকারীর আবেদিত বিষয়ের প্রাপ্যতা রয়েছে। সংযুক্ত কোন কাগজপত্র ভূয়া / জাল/ অসত্য প্রমানিত হলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা -২০১৮ (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ২৮.৩ অনুচ্ছেদ অনুসারে নিম্নস্বাক্ষরকারীর এমপিও বাতিলযোগ্য হবে। এছাড়াও ভূয়া/জাল/ অসত্য তথ্যের জন্য বিদ্যমান এমপিও নীতিমালা অনুসারে অন্যান্য ব্যবস্থা গ্রহণসহ ফৌজদারী মামলাও দায়ের করা যাবে।

তারিখ:... ............ স্বাক্ষর

বিঃদ্রঃ

*সংযুক্ত সকল কাগজপত্রাদি (A-Z) প্রতিষ্ঠান প্রধান/সদস্য সচিব কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

**বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা -২০১৮ (২৩ নভেম্বর,২০২০ পর্যন্ত সংশোধিত) অনুসারে অধ্যক্ষ স্কেল/জ্যেষ্ঠ প্রভাষক স্কেল/টাইম স্কেল/ উচ্চতর স্কেল/ বিএড স্কেল এর জন্য নিম্ন বর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণ করা হবে না। ক্রমিক অনুসারে কাগজপত্রাদি অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।**

**প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা:**

| ক্র. নং | প্রয়োজনীয় কাগজপত্রাদি | পাতা সংখ্যা | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ | আঞ্চলিক পরিচালক এর মতামতসহ অগ্রায়ন পত্র। | | |
| ২ | সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের মতামতসহ অগ্রায়ন পত্র। | | |
| ৩ | প্রতিষ্ঠান এমপিওভুক্তির সরকারি আদেশ (জিও) এর প্রমাণক (স্মারক, তারিখ ও স্তর উল্লেখ সহ)। | | |
| ৪ | স্কেল প্রাপ্তির মূল আবেদন ফরম, (ছবিসহ যথাযথ ভাবে পূরণকৃত, পূরণকৃত তথ্যের সাথে সংযুক্ত কাগজপত্রের মিল থাকতে হবে)। | | |
| ৫ | পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের প্রমাণক (দুটি মূল পত্রিকা, জাতীয় ও স্থানীয়, NTRCA কর্তৃক নিয়োগের ক্ষেত্রে গণবিজ্ঞপ্তি)। | | |
| ৬ | **নিয়োগ সংক্রান্ত সকল রেজুলেশন।** | | |
| | ক) নিয়োগবাছাই কমিটি গঠন | | |
| | খ) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ | | |
| | গ) আবেদন বাছাই | | |
| | ঘ) বাকাশিবো কর্তৃক গঠিত নিয়োগ বাছাই কমিটির দ্বারা নিয়োগের সুপারিশের রেজুলেশন | | |
| | ঙ) নিয়োগ অনুমোদনের রেজুলেশন। | | |
| ৭ | নিয়োগ পরীক্ষার মূল ফলাফল শীট। ফটোকপি গ্রহণযোগ্য নয়। নিয়োগ কমিটির সকল সদস্যের স্বাক্ষর ও সীল থাকতে হবে। | | |
| ৮ | নিয়োগপত্র। | | |
| ৯ | যোগদানপত্র। | | |
| ১০ | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্র (সংশ্লিষ্ট বোর্ড / বিশ্ববিদ্যালয় কর্তৃক ভেরিফিকেশন সহ)। ভেরিফাইড সনদের ফটোকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে। | | |
| ১১ | ক) বাকাশিবো কর্তৃক গঠিত নিয়োগ বাছাই কমিটির পত্র। | | |
| | খ) ডিজি প্রতিনিধি মনোনয়নের প্রমাণক (কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক) পত্র। | | |
| ১২ | প্রতিষ্ঠানের প্রথম ও শেষ এমপিও শীটসহ প্রতি বছরের জন্য অন্তত একটি এমপিও শীট। | | |
| ১৩ | আবেদনকারীর প্রথম ও শেষ এমপিও শীটসহ প্রতি বছরের অন্তত একটি এমপিও শীট। | | |
| ১৪ | সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরসহ (প্রযোজ্য ক্ষেত্রে) । | | |
| | ক) পেশাগত সনদ | | |
| | খ) অভিজ্ঞতা সনদ | | |
| | গ) চাকুরীর ধারাবাহিকতা সনদ | | |
| ১৫ | জ্যেষ্ঠতার যথাযথ তালিকা (সকল এমপিওভুক্ত শিক্ষকদের নাম, পদবী, যোগদানের তারিখ ও জন্ম তারিখ উল্লেখ ও প্রয়োজনীয় তথ্যাবলীসহ, সভাপতি, প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকদের স্বাক্ষরসহ)। | | |
| ১৬ | নিয়োগ প্রাপ্ত শিক্ষক কর্মচারীদের তথ্যাবলী/তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে), চলমান সকল স্তরের পৃথক ভাবে। | | |
| ১৭ | ক) অধ্যক্ষ স্কেলের/উচ্চতর স্কেল/টাইম স্কেল/বিএড স্কেল/জ্যেষ্ঠ প্রভাষক স্কেল সুপারিশ সংক্রান্ত রেজুলেশন (হালনাগাদ ম্যানেজিং কমিটি কর্তৃক।)। | | |

| | | | |
|---|---|---|---|
| | খ) B.ed সনদ অর্জন নিয়োগের পর হলে B.ed করার অনুমতির প্রমাণক (স্ব-বেতনে না বিনা বেতনে)। | | |
| ১৮ | ম্যানেজিং কমিটির মেয়াদ সংক্রান্ত প্রমাণক (ম্যানেজিং কমিটি অনুমোদন পত্র) । | | |
| | ক) নিয়োগকালীন ম্যানেজিং কমিটির | | |
| | খ) হালনাগাদ ম্যানেজিং কমিটির | | |
| ১৯ | জাতীয় পরিচয় পত্রের (NID) সত্যায়িত কপি (একাডেমীক সনদের সাথে মিল সম্পন্ন, প্রয়োজনে সংশোধিত) এবং আবেদনকারীর নিবন্ধনকৃত মোবাইল নম্বর। | | |
| ২০ | ইনডেক্সধারীদের বেলায় সর্বশেষ এমপিও উত্তোলনের ব্যাংক প্রত্যয়ন পত্র/ব্যাংক নন ড্রায়াল সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)। | | |
| ২১ | ক) বাকাশিবো কর্তৃক স্পেশালাইজেশন/ ট্রেড অনুমোদনের প্রমাণক । | | |
| | খ) হালনাগাদ স্পেশালাইজেশন/ ট্রেড নবায়নসহ | | |
| ২২ | বিগত ৩ বছরের কাম্য শিক্ষার্থী ভর্তি ও ফলাফল প্রকাশের প্রমাণক / বাকাশিবো অনলাইন কপি। | | |
| | ক) শিক্ষার্থী ভর্তি প্রমাণক | | |
| | খ) ফলাফল প্রকাশের প্রমাণক | | |
| ২৩ | মামলা নেই মর্মে প্রত্যয়ন পত্র। (প্রতিষ্ঠান/ম্যানেজিং কমিটি/ নিয়োগ সংক্রান্ত মামলা নেই মর্মে প্রত্যয়ন সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষরসহ) | | |
| ২৪ | প্রতিষ্ঠানের ধরন সংক্রান্ত প্রত্যয়ন (সংযুক্ত হলে কোন স্তরের সাথে সংযুক্ত, প্রয়োজনে বাকাশিবোর প্রত্যয়ন সহ)। | | |
| ২৫ | প্রতিষ্ঠানের অবস্থানগত প্রত্যয়ন (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক)। | | |

**প্রতিষ্ঠান প্রধানের স্বহস্তে লিখিত ৩০০/- টাকার ষ্ট্যাম্প নিম্নরুপ প্রত্যয়ন পত্র:**

আমি এই মর্মে প্রত্যয়ন করছি যে, এই আবেদনের সাথে সংযুক্ত সকল কাগজপত্র সঠিক আছে। কোন ভূয়া/ জাল/ অসত্য কাগজ সংযুক্ত করা হয় নাই। আবেদনকারীর সকল একাডেমিক সনদ/ প্রশিক্ষন সনদ/ নিবন্ধন সনদ নিম্নস্বাক্ষরকারী কর্তৃক **ব্যক্তিগতভাবে** বোর্ড / বিশ্ববিদ্যালয় / সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে যাচাইকৃত।

আরও প্রত্যয়ন করছি যে, আবেদনকারীর আবেদিত বিষয়ের প্রাপ্যতা রয়েছে। সংযুক্ত কোন কাগজপত্র ভূয়া / জাল/ অসত্য প্রমানিত হলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা -২০১৮ (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ২৮.৩ অনুচ্ছেদ অনুসারে নিম্নস্বাক্ষরকারীর এমপিও বাতিলযোগ্য হবে। এছাড়াও ভূয়া/জাল/ অসত্য তথ্যের জন্য বিদ্যমান এমপিও নীতিমালা অনুসারে অন্যান্য ব্যবস্থা গ্রহণসহ ফৌজদারী মামলাও দায়ের করা যাবে।

তারিখ:.......... .....        স্বাক্ষর

বিঃদ্রঃ

*সংযুক্ত সকল কাগজপত্রাদি (A-Z) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

## ৩। তালিকা (গ)-মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়নে আবেদনের সাথে যে সকল কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে-

১। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ও সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত অগ্রায়ণ পত্র।
২। শূন্য পদ ঘোষণা, নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও সদস্য সচিব নির্ধারণ (প্রযোজ্য ক্ষেত্রে) সংক্রান্ত রেজুলেশন।
৩। বিজ্ঞপ্তি প্রকাশের প্রমাণক [দুটি মূল পত্রিকা-জাতীয় ও স্থানীয়, ন্যূনতম ১৫ দিনের সময় ও আবেদন ফি উল্লেখসহ] (বিজ্ঞপ্তির স্থান মার্কিংসহ)।
৪। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নিয়োগ বাছাই কমিটির অনুমোদন পত্রের মূলকপি, হালনাগাদ ম্যানেজিং কমিটির অনুমোদন পত্র, স্পেশালাইজেশন/ ট্রেড অনুমোদনের প্রমাণক এবং হালনাগাদ অ্যাফিলিয়েশন-ফি প্রদানের প্রমাণক।
৫। আবেদনকৃত বৈধ প্রার্থী যাচাই-বাছাই সংক্রান্ত কমিটি গঠনের প্রমাণক (রেজুলেশন), বৈধ প্রার্থী নির্ধারণ সংক্রান্ত রেজুলেশন ও যথাযথ তালিকা (প্রতিষ্ঠান প্রধান ও সভাপতির প্রতিস্বাক্ষরসহ)।
৬। বৈধ প্রার্থীর আবেদন, একাডেমিক সনদ, প্রশিক্ষণ সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), অভিজ্ঞতার প্রত্যয়ন (প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক এমপিওশীটসহ) ও জাতীয় পরিচয় পত্র (জাতীয় পরিচয় পত্র, একাডেমিক সনদ ও আবেদন মোতাবেক প্রার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ একই থাকতে হবে)।
৭। সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরসহ প্রতিষ্ঠানের ধরণ সংক্রান্ত প্রমাণক/প্রত্যয়ন (সংযুক্ত না স্বতন্ত্র, সংযুক্ত হলে কোন স্তরের সাথে সংযুক্ত) এবং সকল স্তরের কর্মরত (এমপিওভুক্ত) ও নিয়োগপ্রাপ্ত সকল শিক্ষক-কর্মচারীর জ্যেষ্ঠতার ভিত্তিতে স্তরভিত্তিক যথাযথ তালিকা [নাম, পদবী, বিষয়, নিয়োগ-যোগদানের তারিখ, প্রযোজ্য ক্ষেত্রে এমপিওভুক্তির তারিখ ইনডেক্স উল্লেখসহ]। কোন স্তর প্রথম অ্যাফিলিয়েশনপ্রাপ্ত এবং কোন স্তর প্রথম এমপিওভুক্ত তার যথাযথ প্রমাণকসহ।
৮। প্রতিষ্ঠান এমপিওভুক্ত হলে জিও এর প্রমাণক, প্রতিষ্ঠানের প্রথম ও শেষ এমপিওশীটের কপি (প্রতি স্তরের)।
৯। প্রতিষ্ঠান সাধারণ শাখার সাথে সংযুক্ত হলে হালনাগাদ ম্যানেজিং কমিটিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত শিক্ষানুরাগী সদস্যের প্রমাণক পত্র।
১০। প্রতিষ্ঠানের হালনাগাদ ম্যানেজিং কমিটির বিরুদ্ধে মামলা নেই মর্মে প্রত্যয়ন পত্র।
১১। নিয়োগের জন্য দাবীকৃত পদে মামলা নেই মর্মে প্রত্যয়ন পত্র।
১২। বিগত ৩ বছরের কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি ও ফলাফল প্রকাশের প্রমাণক (বাকাশিবো অনলাইন কপি)।
১৩। ৩০০ টাকার ষ্ট্যাম্পে অঙ্গীকার নামা
১৪। প্রতিষ্ঠানের অবস্থানগত প্রত্যয়ন (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক)।
১৫। পদ শূণ্য হওয়ার ক্ষেত্রে যথাযথ প্রমাণক (পদত্যাগপত্র, পদত্যাগপত্র গ্রহণ, রেজুলেশন, এমপিওশীট হতে নাম কর্তনসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি)।
১৬। প্রতিষ্ঠানের নাম পরিবর্তন হলে নাম সংশোধনের প্রমাণক।

বিঃদ্রঃ

*সংযুক্ত সকল কাগজপত্রাদি (A-Z) প্রতিষ্ঠান প্রধান/সদস্য সচিব কর্তৃক সত্যায়িত থাকতে হবে।
*জনবলের তথ্য ছক, মামলা নেই মর্মে প্রত্যয়ন পত্র, কর্মরত জনবলের তালিকা, বৈধ প্রার্থীর তালিকা এবং ৩০০ টাকার ষ্ট্যাম্পে অঙ্গীকার নামা অবশ্যই হালনাগাদ ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত থাকতে হবে।
*যে কোন ধরণের ভূয়া/ অসত্য/ জাল কাগজপত্রাদি সংযুক্ত করা হলে প্রতিষ্ঠান প্রধান/ সদস্য সচিব ও সভাপতি দায়ী থাকবেন এবং প্রয়োজনে তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৭.১০.২০২২

২৭.১০.২০২২